

ময়মনসিংহ শিক্ষা বোর্ডে পাসের হার ৬৩ দশমিক ২২ শতাংশ, এগিয়ে মেয়েরা

নিজস্ব
প্রতিবেদক,
ময়মনসিংহ

১৫ অক্টোবর,
২০২৪ ১৩:৫৪

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ময়মনসিংহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এবারের এইচএসসি পরীক্ষায় ৬৩ দশমিক ২২ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) সকাল সাড়ে ১১টায় বোর্ড চেয়ারম্যান প্রফেসর মো. আবু তাহের এক

সংবাদ সম্মেলনে এই ফলাফল ঘোষণা করেছেন। বোর্ড কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীনে এবারের পরীক্ষায় মোট ৭৭ হাজার ৬২১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে।

এর মাঝে ৪৯ হাজার ৬৯ জন উত্তীর্ণ হয়। উত্তীর্ণদের মাঝে জিপিএ-ফাইভ পেয়েছে ৪ হাজার ৮২৬ জন। এর মধ্যে ছেলেরা জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ১০৯ জন এবং মেয়েরা পেয়েছে ২ হাজার ৭১৭ জন। এতে পাসের হার এবং জিপিএ-ফাইভ প্রাপ্তিতে এবারও এগিয়ে রয়েছে মেয়েরা।

আরো পড়ুন



যশোর বোর্ডে ১৩ শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ পাস, ৭ প্রতিষ্ঠানে ফেল
সবাই

সূত্রমতে, গত বছর এই বোর্ডে পাসের হার ছিল শতকরা ৭০ দশমিক ৪৪ শতাংশ। এবার পাসের হার কমেছে ৭ দশমিক ২২ শতাংশ।

বোর্ড চেয়ারম্যান প্রফেসর মো. আবু তাহের জানান, এবারের এইচএসসি পরীক্ষায় ৭৭ হাজার ৬২১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছিল। এর মধ্যে পাস করেছে ৪৯ হাজার ৬৯ জন এবং ফেল করেছে ২৮ হাজার ৫৫২ জন শিক্ষার্থী।

জেলাগত দিক দিয়ে পাসের হারে এগিয়ে জামালপুর জেলা। আর নিচে রয়েছে শেরপুর জেলা।

এ ছাড়াও ময়মনসিংহ বিভাগের ৪ জেলার মোট ২৯৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৫টি প্রতিষ্ঠানের শতভাগ পরীক্ষার্থী কৃতকার্য হয়েছে এবং ৪টি প্রতিষ্ঠানের সব পরীক্ষার্থী অকৃতকার্য হয়েছে। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন বোর্ড সচিব প্রফেসর মো. সফিউদ্দিন সেখ, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মো. শামসুল ইসলামসহ কর্মকর্তারা।